# বাজেট

## ২০১৬-২০১৭



নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন




২০১৫-১৬ অর্থ বছরের বাজেট ঘোষণা করছেন মাননীয় মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী।



২০১৫-১৬ অর্থ বছরের বাজেট ঘোষণা অনুষ্ঠানে উপস্থিত গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দিচ্ছেন মাননীয় মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী।



২৫ ফেব্রুয়ারি ২০১৬খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের বিভিন্ন প্রকল্পের 'শুভ উদ্বোধন ও নগর ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে' উপস্থিত মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-কে শুভেচ্ছা উপহার দিচ্ছেন মাননীয় মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।



২৫ ফেব্রুয়ারি ২০১৬খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের বিভিন্ন প্রকল্পের 'শুভ উদ্বোধন ও নগর ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে' ভিডিও কনফারেন্স এর মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সাথে কথা বলছেন মাননীয় মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী।




২৫ ফেব্রুয়ারি ২০১৬খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের বিভিন্ন প্রকল্পের শুভ উদ্বোধন অনুষ্ঠানে উদ্বোধনকৃত প্রকল্পসমূহের ফলক।



সিজিপি প্রকল্পের আওতায় সিদ্ধিরগঞ্জ অঞ্চলে এলইডি লাইট এর শুভ উদ্বোধন করছেন মাননীয় মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী।

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

**প্রিয় নগরবাসী, আমন্ত্রিত সুধীমন্ডলী, সম্মানিত কাউন্সিলরবৃন্দ, প্রিয় সাংবাদিকবৃন্দ এবং সিটি কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ,**
**আস্‌সালামু আলাইকুম।**

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২০১৬-১৭ অর্থ বছরের বাজেট ঘোষণা অনুষ্ঠানে আপনাদের সকলকে স্বাগত জানাচ্ছি। সিটি কর্পোরেশন সংবিধিবদ্ধ একটি স্থানীয় সরকার প্রতিষ্ঠান। নগরীর সর্বস্তরের জনগণের সকল ধরনের নাগরিক সেবা নিশ্চিতকরণ ও অবকাঠামোগত উন্নয়ন সিটি কর্পোরেশনের মৌলিক দায়িত্ব। বিলুপ্ত নারায়ণগঞ্জ পৌরসভা বাংলাদেশের একটি প্রাচীনতম বিশেষ শ্রেণীর মডেল পৌরসভা ছিল। ১৮৭৬ সালে এ পৌরসভা প্রতিষ্ঠিত হয়। বৃটিশ বিরোধী আন্দোলন থেকে শুরু করে মহান ভাষা আন্দোলন এবং মহান স্বাধীনতা সংগ্রামসহ জাতি গঠনে নারায়ণগঞ্জ নগরীর গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। ঔপনিবেশিক শাসন আমলে শীতলক্ষ্যা নদীর উভয় পাড়ে নারায়ণগঞ্জ নদী বন্দরকে কেন্দ্র করে গড়ে ওঠা এ নগরী পাট ও পাটজাত পণ্যের ব্যবসার জন্য প্রাচ্যের ডান্ডি হিসেবে খ্যাতি অর্জন করে। কালের বিবর্তনে এ শিল্প বিলুপ্ত হলেও বর্তমানে রপ্তানীযোগ্য নীটওয়্যার এর প্রায় ৮০% নারায়ণগঞ্জেই উৎপাদন হয়। নগরীর মধ্য দিয়ে প্রবাহিত শীতলক্ষ্যা নদীর দু'তীরে গড়ে ওঠা আরো বিভিন্ন ধরনের শিল্প প্রতিষ্ঠানের কারণে ঢাকার পার্শ্ববর্তী ঘনবসতিপূর্ণ, শিল্প সমৃদ্ধ এ বন্দর নগরীর গুরুত্ব কখনো কমেনি বরং পর্যায়ক্রমে বৃদ্ধি পাচ্ছে। নারায়ণগঞ্জ নগরীর গুরুত্ব বিবেচনা করে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ২০১১ সালে ঐতিহ্যবাহী নারায়ণগঞ্জ পৌরসভা, সিদ্ধিরগঞ্জ ও কদমরসুল পৌরসভার সমন্বয়ে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন প্রতিষ্ঠা করেন। এর ধারাবাহিকতায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনকে একটি আধুনিক নগরী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছি। এ জন্য আপনাদের সকলের ঐকান্তিক সহযোগিতা কামনা করছি।

**সম্মানিত সুধীবৃন্দ,**

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রথম মেয়র হিসেবে এটি আমার পঞ্চম তম বাজেট উপস্থাপন। নগরবাসীর চাহিদার অগ্রাধিকারের ভিত্তিতে ইতোপূর্বে আপনাদের মতামত নিয়ে ২০১৫-২০১৬ অর্থ বছরের বাজেট ঘোষণা করেছি এবং আপনাদের সহযোগিতায় সফলতার সাথে বাজেটে প্রস্তাবিত অধিকাংশ উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন করেছি। সিটি কর্পোরেশন প্রতিষ্ঠা লাভের পর নাগরিক সেবা ও অবকাঠামোগত উন্নয়নের বিষয়ে সকলের প্রত্যাশা বেড়েছে। বিশেষ করে নারায়ণগঞ্জের তুলনায় অনুন্নত কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ এলাকার জনগণের প্রত্যাশা আরো বেশী। বিগত ৪ বৎসর ৬ মাসে নাগরিকদের প্রত্যাশা পূরণে আপনাদের সহযোগিতা ও পরামর্শ নিয়ে কাজ করে যাচ্ছি। আশা করছি ভবিষ্যতেও এ ব্যাপারে আপনাদের গঠনমূলক পরামর্শ ও সহযোগিতা অব্যাহত থাকবে।

বর্তমান পরিষদ নির্বাচিত হওয়ার পর এ পর্যন্ত ৩৬টি মাসিক সভায় ১৪৪৮টি উন্নয়ন প্রকল্প অনুমোদন করা হয়েছে। তন্মধ্যে ৪৮৮ টি গৃহীত প্রকল্পের বিপরীতে ৬১৭ কোটি ১১ লক্ষ ০৯ হাজার ৯৪৯ টাকার দরপত্র আহবান করা হয়েছে। ইতোমধ্যে ৩৯৮ কোটি ৬৫ লক্ষ ৪২ হাজার ৩৯৫ টাকার কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট প্রকল্পের কাজ চলমান আছে। উল্লিখিত প্রকল্পে এ যাবত সিদ্ধিরগঞ্জ অঞ্চলে ১৫৩ কোটি ৯৫ লক্ষ ৩৬৫ টাকার, কদমরসুল অঞ্চলে ২৬৪ কোটি ৪১ লক্ষ ৮৭ হাজার ৬২৮ টাকার এবং নারায়ণগঞ্জ অঞ্চলে ১৯৯ কোটি ১৪ লক্ষ ২১ হাজার ৯৫৬ টাকার পকল্প গ্রহণ করা হয়েছে। আপনাদের অবগতির জন্য নিম্নে ২৭টি ওয়ার্ডে এ যাবত বাস্তবায়িত এবং বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের বিবরণ প্রদান করা হলো:

## ২৭টি ওয়ার্ডে বাস্তবায়িত এবং বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের বিবরণ:

| ওয়ার্ড নং | বাজেট ২০১১-১২ | বাজেট ২০১২-১৩ | বাজেট ২০১৩-১৪ | অর্থ বছর ২০১৪-১৫ | অর্থ বছর ২০১৫-১৬ | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| ক) সিদ্ধিরগঞ্জ অঞ্চল ঃ | | | | | | |
| | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা |
| ১ | ৩৯,৪৩,৫৫৯.০০ | ১,৪৯,১৮,৬৮৯.০০ | ২,৪৯,৮৬,৭৯৯.০০ | ২,৭৪,৪৪,৪৪২.০০ | ১,৬৪,৩৫,৭৬২.০০ | ৮,৭৭,২৯,২৫১.০০ |
| ২ | ৩৫,২৪,৫০২.০০ | ৯৩,৩৯,৯১৬.০০ | ২,০৯,৯৩,৭৪৯.০০ | ২,২২,৬০,৭৬৬.০০ | - | ৬,৬১,১৮,৯৩৩.০০ |
| ৩ | ৩০,০০,০২৫.০০ | ৩৪,৩৭,১৮৩.০০ | ১,১৬,২৩,২৫৭.০০ | ২,৫২,২৯,২৪৩.০০ | ৪,৪৮,১২,২৪৭.০০ | ৯,৪১,০১,৯৫৫.০০ |
| ৪ | ৩০,১৭,৩০২.০০ | ১,৬৭,৩০,৪৪৫.০০ | ২,২১,৪৭,১৬৫.০০ | ২,২৩,২১,৮২১.০০ | - | ৬,৪২,১৬,৭৩৩.০০ |
| ৫ | ৩২,২৯,৮৬৫.০০ | ৯৭,৭৪,৯৩১.০০ | ২,৯৩,৩৬,৩৪১.০০ | ৩,৪৪,৪৬,০২১.০০ | - | ৭,৬৭,৮৭,১৫৮.০০ |
| ৬ | ৪৭,৫৪,৩০৭.০০ | ১,০৮,৭৭,৫৯৫.০০ | ১,২৭,৭৮,০০০.০০ | ১,৩৪,৭৫,৮৬০.০০ | ৩৫,৬৭,১৪৭.০০ | ৪,৫৪,৫২,৯০৯.০০ |
| ৭ | ৩৫,১০,৬৪৮.০০ | ১,৬৬,৬৪,১৫৪.০০ | ২,০৭,২২,৩৯৮.০০ | ৯৮,৯২,৬৮৪.০০ | - | ৫,০৭,৮৯,৮৮৪.০০ |
| ৮ | ৬০,৬১,৬৫৭.০০ | ১,৪৫,৯৮,৯৮৩.০০ | ৯৫,৮৯,৫৯৪.০০ | ৩,৯৬,৯৪,৯২৭.০০ | ৯০,৮৬,৯০২.০০ | ৭,৯০,৩২,০৬৫.০০ |
| ৯ | ৪৫,২৮,৭৪৯.০০ | ১,৬৮,৫২,৮৫৮.০০ | ১,৬৬,৩৩,১৩২.০০ | ২,৬০,৩২,৬০৬.০০ | ৩৫,৭০,৫২৯.০০ | |
| কমিউনিটি সেন্টার নির্মাণের পাইলিং ও বালু ভরাট | | | | | | ১,০৩,২২,৫৭২.০০ |
| পৌরসভার আমলে টেন্ডারকৃত বিল পরিশোধ | | | | | | ১০,৬৫,০২,৮৯৭.০০ |
| ডিপিপি | | | | | | ৭০,১৯,৬৯,৯০৩.০০ |
| জাইকা | | | | | | ৮,৮৮,৫৮,২৩১.০০ |
| | | | মোট (ক) = | | | ১৫৩,৯৫,০০,৩৬৫.০০ |
| খ) নারায়ণগঞ্জ অঞ্চল | | | | | | |
| ১০ | ২৩,২২,৯৮৪.০০ | ৯১,৬১,৯৬৮.০০ | ৯,৯৮,৫৫৫.০০ | ৬২,২৮,০৭৮.০০ | ৯,০৬,৬৬৮.০০ | ১,৯৬,১৮,২৫৩.০০ |
| ১১ | ১,৩৩,০৬,৯৭৮.০০ | ১,১৬,৬৬,২৬৩.০০ | | ৪৫৩৭৫৯৬.০০ | - | ২,৪৯,৭৩,২৪১.০০ |
| ১২ | ৫০,৭৯,১৭৯.০০ | ৭৭,৫৯,১৮০.০০ | ১,৫১,৫৮,০০০.০০ | ১,৫৮,১৬,৮৫৭.০০ | - | ৪,৩৮,১৩,২১৬.০০ |
| ১৩ | ৫৯,৪৩,৮৯৩.০০ | ২,৫৫,৮২,০৮৮.০০ | ২,২৬,৪০,৭১৭.০০ | ২,৭৬,০৫,২৮৩.০০ | ৫,৪০,৬৮,৫৯৮.০০ | ১৩,৫৮,৪০,৫৭৯.০০ |
| ১৪ | ৯,৯৭,৪৪৬.০০ | ৩৪,৯০,৩০২.০০ | ১,২৭,৮৫,৭৫৮.০০ | ৫৩৩৫৩৭৭.০০ | ৬৯,১৯,১৩১.০০ | ২,৯৫,২৮,০১৪.০০ |
| ১৫ | ৩২,৯৭,৮১২.০০ | ১,৩৭,৮৯,৯৫২.০০ | ১৫,১৫,৭৫,৭৫৭.০০ | ৩,০৪,৮২,৯৬৭.০০ | ১,৬৭,৯৪,৪৩০.০০ | ২১,৫৯,৪০,৯১৮.০০ |
| ১৬ | ৬৮,০৩,০৬৯.০০ | ৩,১৬,৫২,৫৫২.০০ | ৩১,৩৩,৪৯১.০০ | ৮,২৯,৭০,৬৭৯.০০ | - | ১২,৪৫,৫৯,৭৯১.০০ |
| ১৭ | ৩১,০০,০০০.০০ | ৫৫,৪১,১৪৫.০০ | ৭,১০,০০০.০০ | ৫৭,৩৮,২২০.০০ | - | ১,৫০,৮৯,৩৬৫.০০ |
| ১৮ | ১,০৬,৩৯,০৯৬.০০ | ১,১৫,১৩,০০০.০০ | ৪৮,৯৯,৬৭১.০০ | ৮০৬২৫৩৮.০০ | - | ৩,৫১,১৪,৩০৫.০০ |
| মার্কেট ও ভবন নির্মাণ, সংস্কার ও মেরামত বাবদ | | | | ৪,৯৬,৩৫,১৬০.০০ | | ৮০,৭৩,৩১,০০৩.০০ |
| নগর ভবন | | | | | | ১০,৯৬,৭৮,২১২.০০ |
| ডিপিপি | | | | | | ১২,৮৪,৮০,৩৯১.০০ |
| এমজিএসপি | | | | | | ৩০,১৪,৫৩,৮৬৮.০০ |
| | | | মোট (খ) = | | | ১৯৯,১৪,২১,৯৫৬.০০ |
| | | | | | | |
| গ) কদমরসুল অঞ্চল ঃ | | | | | | |
| ১৯ | ১,৮১,৭৫,০০০.০০ | ৮২,৭৫,৯৭৩.০০ | ১,২৭,৮৬,৭০৫.০০ | ১,২৯,৮৮,০৫৭.০০ | ১,৫৭,৯৬,৪১৫.০০ | ৬,৮০,২২,১৫০.০০ |
| ২০ | ৬৯,২০,০০০.০০ | ১,৪৫,০০,০০০.০০ | ১১,২৪,৩৫,৩৫৪.০০ | ১১,৮৫,১৬,৯৪৬.০০ | ৩,৯১,৬২,৩৩৭.০০ | ২৯,১৫,৩৪,৬৩৭.০০ |
| ২১ | ৮০,০০,০০০.০০ | ২,৪৪,৭৫,০০০.০০ | ২,০০,৩৭,৫৬৫.০০ | ২,১৮,৩৬,৩১২.০০ | ৫,২০,৯০৮.০০ | ৭,৪৮,৬৯,৭৮৫.০০ |
| ২২ | ১,৬০,০৫,৫৯০.০০ | ২,৮৭,৯৯,৬২৫.০০ | ২,০৬,২৬,০৮৭.০০ | ২,৪৫,৮১,৮৫৩.০০ | ৮৭,৩৮,৯৪০.০০ | ৯,৮৭,৫২,০৯৫.০০ |
| ২৩ | ৩,৮৬,৩৬,৮৪৯.০০ | ১,৭৩,৬০,৭০৯.০০ | ২,৮১,৬২,৮১৮.০০ | ১,১৬,৩৭,৭১১.০০ | ২,৮৫,৬১,৬০৭.০০ | ১২,১৩,৫৯,৬৯৪.০০ |
| ২৪ | ১,২৪,৯৩,৯৫১.০০ | ৪,১৮,৫৪,৪৩২.০০ | ১,৪৪,৩১,৬৫০.০০ | ২,০১,০৬,০৮২.০০ | ৩,৩১,০৪,৪১৫.০০ | ১২,১৯,৯০,৫৩০.০০ |
| ২৫ | ৬২,৭৫,০০০.০০ | ১,৯৯,২৬,৫৯৮.০০ | ৬৯,০৯,৪১৯.০০ | ১,৩০,২৪,৭৭৫.০০ | ১,৪০,৭০,৪৫৪.০০ | ৬,০২,০৬,২৪৬.০০ |
| ২৬ | ১৪,৭৯,৫৪৪.০০ | ১,০১,৭৫,০০০.০০ | ৪৩,৪১,০৮৮.০০ | ৫৪,৩৪,৪০৭.০০ | ১৭,৯৮,৫২১.০০ | ২,৩২,২৮,৫৬০.০০ |
| ২৭ | ৪০,০০,০০০.০০ | ১,৯৯,০০,০০০.০০ | ২,২৪,৭৪,০২৫.০০ | ৯০,৩৭,৭৮২.০০ | ৬৭,৭৫,৪১৪.০০ | ৬,২১,৮৭,২২১.০০ |
| বালু ভরাট | | | | | | ২,০০,০০,০০০.০০ |
| জাইকা | | | | | | ১৮,৬৩,১০,৮৬১.০০ |
| এমজিএসপি | | | | | | ১৮,০৭,৫৩,৯৩৬.০০ |
| সিআরডিপি | | | | | | ২৫,৭৮,২৩,৩৩৮.০০ |
| বৈদ্যুতিক মালামাল, কনজারভেন্সী মালামাল, প্রিন্টিং, লাইসেন্স প্লেট, সার্ভে মেশিন ক্রয়, টুইনফিট টয়লেট নির্মাণ | | | | | | ২,২০,৩৭,৭১৬.০০ |
| ডি,পি,পি এর আওতায় অবকাঠামো উন্নয়ন ও যানবাহন এবং যন্ত্রপাতি ক্রয় | | | | | | ১০২,১১,১১,৯২৯.০০ |
| | | | মোট (গ) = | | | ২৬৪,০১,৮৭,৬২৮.০০ |
| | | | সর্বমোট (ক+খ+গ) = | | | ৬১৭,১১,০৯,৯৪৯.০০ |



নিজেস্ব অর্থায়নে এ যাবত ৩৩৮ কোটি ৬৫ লক্ষ ৪৯ হাজার ৭১২ টাকার প্রকল্প গ্রহণ করা হয়েছে, এ গৃহীত প্রকল্প সমূহের বিপরীতে ১৮০ কোটি টাকার প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। তন্মধ্যে ৯৪ কোটি ৬২ লক্ষ টাকা ব্যয়ে ৯ টি মার্কেট কাম এপার্টমেন্ট প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে, মার্কেট কাম এপার্টমেন্ট বর্তমানে রাজস্ব আয়ের একটি অন্যতম উৎস। বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) আওতায় ৫৩ কোটি টাকার প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে।

৩ বছর মেয়াদী ডিপিপি এর আওতায় বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও এনসিসি এর যৌথ অর্থায়নে ১৮২ কোটি টাকার প্রকল্প চলমান আছে। কদমরসুল অঞ্চলে ১০০ ফুট প্রশস্থ সড়ক নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। এ প্রকল্পের অধীন এ যাবত সিটি কর্পোরেশনের ৩টি অঞ্চলে ১১.৩০ কিলোমিটার বিটুমিনাস কার্পেটিং রাস্তা, ৬৪.১০ কিলোমিটার আরসিসি রাস্তা, ১.২৬ কিলোমিটার এইচবিবি রাস্তা, ৬৫.৯৯ কিলোমিটার আরসিসি ড্রেন নির্মাণ কাজ বাস্তবায়ন করা হয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকল্প সহায়তার অন্তর্ভূক্ত একটি গুরুত্বপূর্ণ প্রকল্প "সেবক কলোনী নির্মাণ" প্রকল্প বাস্তবায়নের জন্য পরিকল্পনা কমিশনের সবুজ পাতায় অন্তর্ভূক্ত করা হয়েছে। একনেকে অনুমোদনের প্রক্রিয়াধীন আছে। আশা করি এ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অন্তর্ভূক্ত হলে বরাদ্ধ পাওয়া যাবে।

ADB ও বাংলাদেশ সরকারের যৌথ অর্থায়নে CRDP (নগর অঞ্চল উন্নয়ন প্রকল্প) অধীনে কদমরসুল অঞ্চলে ২৫ কোটি ৭৮ লক্ষ টাকা ব্যয়ে ৫ কিলোমিটার আরসিসি ড্রেন, ৩০৫ মিটার আরসিসি পাইপ ড্রেন, ২.৪ কিলোমিটার পাইপ ড্রেন, ২.০৩ কিলোমিটার কার্পেটিং ইনোব্লক রাস্তা এবং ৮.৪৩ কিলোমিটার ফুটপাথ উন্নয়নের কাজ চলমান আছে। এছাড়া এ প্রকল্পের অধীনে ২০১৬-১৭ অর্থ বছরে ড্রেন ও রাস্তা-ঘাট নির্মাণের জন্য ৫৮ কোটি ৬০ লক্ষ টাকার বাজেট বরাদ্দ রাখা হয়েছে।

বিশ্ব ব্যাংক, বাংলাদেশ সরকার ও সিটি কর্পোরেশনের যৌথ অর্থায়নে MGSP (মিউনিসিপ্যাল গভার্নেন্স সার্ভিসেস প্রকল্প) অধীনে অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষন খাতে ১১ কোটি ৫৮ লক্ষ টাকার প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে এবং ৯ কোটি ২৬ লক্ষ টাকার উন্নয়ন প্রকল্পের কাজ চলমান আছে এবং আগামী অর্থ বছরে এ খাতে ৭ কোটি ৬০ লক্ষ টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। এই প্রকল্পের অধীনে অবকাঠামো ও নির্মাণ খাতে ২৫ কোটি ৩২ লক্ষ টাকা ব্যয়ে ৭.২৪ কিলোমিটার রাস্তা, ৫.৬২ কিলোমিটার ড্রেন ও ১.৫১ কিলোমিটার ফুটপাথ নির্মাণ করা হয়েছে। ১৭ কোটি ৪২ লক্ষ ৮৯ টাকা ব্যয়ে শীতলক্ষ্যা-ধলেশ্বরী সংযোগকারী বাবুরাইল খাল পুনঃখনন, সৌন্দর্যবর্ধন ও ড্রেনসহ ওয়াকওয়ে নির্মাণের দরপত্র গ্রহণ করা হয়েছে। ৪ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয়ে কদমরসুল অঞ্চলে রাস্তা উন্নয়ন, পুকুর সংরক্ষণ ও সৌন্দর্যবর্ধনের দরপত্র গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের অধীনে আগামী অর্থ বছরে আরও ১৫০ কোটি টাকার প্রকল্প বাস্তবায়ন করা হবে।

জাপান আন্তর্জাতিক সাহায্য সংস্থা (JICA) কর্তৃক সিটি কর্পোরেশনের অবকাঠামোগত উন্নয়ন, প্রযুক্তিগত উন্নয়ন, বর্জ্য ব্যবস্থাপনা, যোগাযোগ ব্যবস্থা, পয়ঃনিস্কাশন ব্যবস্থার উন্নয়ন এবং প্রশাসনিক সংস্কারের জন্য City Government Project (CGP) গ্রহণ করা হয়েছে। জাপান আন্তর্জাতিক সাহায্য সংস্থার আর্থিক সহযোগিতায় CGP (সিটি গভার্নেন্স প্রকল্প) অধীনে ২৯০ কোটি টাকার প্রকল্প অনুমোদন হয়েছে। এ প্রকল্পের অধীনে ২০১৫-১৬ অর্থ বছরে ১৭ কোটি ৭৬ লক্ষ ৪০ হাজার ৪৫৫ টাকা ব্যয়ে সিদ্ধিরগঞ্জ ও কদমরসুল অঞ্চলে ৫৪.১৪ কি.মি. সড়কে ২২৮৬ টি বৈদ্যুতিক পুল ও ৪১৬৬ টি লাইট সেট স্থাপনের কাজ শেষ পর্যায়ে। এ প্রকল্পের অধীনে বিভিন্ন সড়ক, ড্রেন ও ফুটপাথ উন্নয়নের জন্য ৯ কোট ৮৮ লক্ষ ১৭ হাজার ১১৯ টাকার প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। এ প্রকল্পের অধীন ২০১৬-১৭ অর্থ বছরে বিভিন্ন অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণ খাতে আরো ৫০ কোটি টাকার বরাদ্দ রাখা হয়েছে। জাইকার অর্থায়নকৃত প্রকল্পটি একটি পারফর্মেন্স বেইজ প্রকল্প, প্রথম পর্যায়ের রাজস্ব আদায়ের অগ্রগতি সন্তোষজনক পর্যায়ে অর্থাৎ লক্ষ মাত্রা দাবির ৮০% হইলে ২য় পর্যায়ে উত্তীন হইলে এ প্রকল্পের অধীনে আরো ব্যাপক উন্নয়ন সহযোগিতা পাওয়া যাবে। এক্ষেত্রে প্রকাশ থাকে যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন পারফর্মেন্স মূল্যায়নে ২০১৫-১৬ অর্থ বছরে ৪টি সিটি কর্পোরেশনের মধ্যে প্রথম স্থান অর্জন করেছে।

জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিলের আওতায় ২ কোটি ৩০ লক্ষ টাকা ব্যয়ে পচনশীল বর্জ্য থেকে কম্পোস্ট সার তৈরীর প্রকল্পের কাজ ইতিমধ্যে শেষ হয়েছে। বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমূহ (CRDP, MGSP, JICA, UPSCSDP) এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকল্প সহায়তার প্রস্তাবিত প্রকল্পসমূহের চলমান কাজ সম্পন্ন হলে পরবর্তী অর্থ বছরে সিটি কর্পোরেশন এক্ষেত্রেও সফলতার স্বাক্ষর রাখতে পারবে।

গত অর্থ বছরে সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য বরাদ্দ রাখা হয়েছিল ২৫ কোটি টাকা। উক্ত খাতে সিটি কর্পোরেশন ব্যয় করেছে প্রায় ৩১ কোটি টাকা। যা লক্ষ্যমাত্রার চেয়ে বেশি। নিজস্ব অর্থায়নে প্রকল্প বাস্তবায়নে এ সফলতার দাবীদার সিটি কর্পোরেশনের সম্মানিত নগরবাসী।

মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় ও UNDP এর সহযোগিতায় পরিচালিত 'একসেস টু ইনফরমেশন' প্রকল্পের আওতায় প্রতিটি ওয়ার্ডে 'ডিজিটাল সেন্টার' স্থাপন করার কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে সিটি কর্পোরেশনের নিজস্ব ভবনে ১৫নং ওয়ার্ডে স্থায়ীভাবে ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়েছে। পর্যায়ক্রমে প্রতিটি ওয়ার্ডে স্থায়ীভাবে ডিজিটাল সেন্টার স্থাপন করা হবে। ফলে নগরবাসী নিজ ওয়ার্ডেই তার প্রয়োজনীয় সকল সেবা পাবে। নগরবাসীকে দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে নগর ভবন প্রাঙ্গনে নগর তথ্য সেবা কেন্দ্র স্থাপন করা হয়েছে। এছাড়া মানবসম্পদ উন্নয়ন ও বেকার যুবকদের কারিগরী কর্মমূখী প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ২০১৩ সালের নভেম্বর মাসে মন্ডলপাড়া সিটি কর্পোরেশনের নিজস্ব ভবনে সিটি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। উক্ত কেন্দ্রের মাধ্যমে তথ্য প্রযুক্তি, বিভিন্ন ভাষা ও বহুমুখী কারিগরি প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। কম্পিউটার বিষয়ক বিভিন্ন ধরনের প্রশিক্ষণ চলমান রয়েছে। উক্ত প্রশিক্ষণ কেন্দ্রে গরীব ও মেধাবীদেরকে সম্পূর্ণ বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। আশা করা যায়, মানবসম্পদ উন্নয়নে সিটি প্রশিক্ষণ কেন্দ্র গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের বিদ্যমান নিজস্ব (www.ncc.gov.bd) ওয়েবসাইটটি তথ্যসমৃদ্ধ ও গতিশীল করার লক্ষ্যে ইতোমধ্যে National Portal Framework এর আওতায় ওয়েবসাইটটি হালনাগাদ কার্যক্রম চলমান আছে। নগরবাসী সরাসরি ইমেইলের মাধ্যমে (mayor@ncc.gov.bd) যে কোন অভিযোগ/পরামর্শ/মতামত প্রেরণ করতে পারছেন। এছাড়া নগরবাসীর সাথে দ্রুত যোগাযোগ করার লক্ষ্যে Short Message Service (SMS) চালু করা হয়েছে। সামাজিক যোগাযোগের মাধ্যমের নগরবাসীর উন্নয়ন কার্যক্রমে অংশগ্রহণের লক্ষ্যে ফেসবুক পেইজ (http://www.facebook.com/NAGARBHABAN) খোলা হয়েছে। এছাড়া জন্ম-মৃত্যু নিবন্ধন ও সনদ অন লাইনে প্রদান কার্যক্রম চালু রয়েছে। অফিস চলাকালীন সময়ে সাধারণ জনগণের অভিযোগ গ্রহণের জন্য ০১৮৩৫১২৬৯৮৯ নং মোবাইল ফোনের ব্যবস্থা করা হয়েছে। Access to Information (A2I) প্রকল্পের আওতায় এসেট ম্যানেজম্যান্ট সফটওয়্যারের কাজ প্রক্রিয়াধীন আছে।

সিটি কর্পোরেশনের সকল ক্রয় সংক্রান্ত বিষয়ে স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে ইলেকট্রনিক পদ্ধতিতে টেন্ডার আহবান করা হচ্ছে।
নগরবাসীর সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হলে আরো বেশী নিজস্ব অর্থের প্রয়োজন। এই অর্থের যোগান সচল রাখতে সিটি কর্পোরেশনের নিজস্ব আয়ের উৎস বৃদ্ধি করার জন্য নিজস্ব ভূমিতে মার্কেট নির্মাণ করা হয়েছে। ইতোমধ্যে নারায়ণগঞ্জ অঞ্চলে সিটি পদ্ম প্লাজা-১ মার্কেট কাম এপার্টমেন্টের উল্লম্ব সম্প্রসারণ (৪-১০ তলা), সিটি পদ্ম প্লাজা-৩ মার্কেট কাম এপার্টমেন্ট নির্মাণ, সিটি পদ্ম প্লাজা-৪ মার্কেট নির্মাণ, জয়গোবিন্দ স্কুল সংলগ্ন সিটি কর্পোরেশনের নিজস্ব ভূমিতে মার্কেট কাম এপার্টমেন্ট এবং এসিআই গেট সংলগ্ন সিটি কর্পোরেশনের নিজস্ব ভূমিতে এপার্টমেন্ট নির্মাণ করা হয়েছে। কদমরসুল অঞ্চলেও সিটি কর্পোরেশনের নিজস্ব ভূমিতে আয়বর্ধক উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ করা হবে। সিদ্ধিরগঞ্জে সিটি কর্পোরেশনের নিজস্ব মালিকানা ভূমি খুব অল্প, তাই সেখানে সরকারি অন্যান্য সংস্থার অব্যবহৃত ভূমি ব্যবহারে অনুমোদন নিয়ে সিটি কর্পোরেশন পর্যায়ক্রমে আয়বর্ধক ও উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করবে। তাহা সত্ত্বেও ইতোমধ্যে ৫নং ওয়ার্ডে কমিউনিটি সেন্টার কাম এ্যাপার্টমেন্ট নির্মান কাজ চলমান আছে এবং ৮নং ওয়ার্ডে বহুতল মার্কেট কাম এ্যাপার্টমেন্ট নির্মানের প্রকল্প গ্রহণ করা হয়েছে। পর্যায়ক্রমে প্রত্যেকটি ওয়ার্ডে স্থান সংকুলান সাপেক্ষে আয়বর্ধক প্রকল্প গ্রহণ করা হবে।

## প্রিয় নগরবাসী,

আপনারা অবগত আছেন যে, সিটি কর্পোরেশন স্থানীয় সরকারের একটি জনকল্যাণমুখী এবং সেবাধর্মী প্রতিষ্ঠান। স্থানীয় পর্যায়ে অর্জিত রাজস্ব যেমনঃ- পৌর কর, ফি, ইজারা, অন্যান্য আয় ও সরকারের নিকট থেকে প্রাপ্ত অনুদান এবং বৈদেশিক সাহায্য খাতে প্রাপ্ত অর্থের মাধ্যমে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হয়ে থাকে। এক্ষেত্রে সরকারি অনুদান চাহিদার তুলনায় খুবই নগণ্য। বৈদেশিক সাহায্যে বাস্তবায়িত প্রকল্পের অনুদান প্রাপ্তি সিটি কর্পোরেশনের নিজস্ব আয়ের লক্ষ্যমাত্রা অর্জনের উপর নির্ভর করে। বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প হতে অনুদান পেতে হলে সিটি কর্পোরেশনের নিজস্ব আয় বিশেষ করে হোল্ডিং ট্যাক্স আদায়ের হার সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে। অর্থাৎ দাবীকৃত করের ৮০% আদায় নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে নগরের অনেক সম্মানিত করদাতা ঠিকমত তাদের হোল্ডিং ট্যাক্স পরিশোধ না করায় কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হচ্ছে না। এতে সিটি কর্পোরেশন তথা নগরবাসীর সরকারি অনুদান এবং বৈদেশিক সাহায্যে বাস্তবায়িত প্রকল্পের সুবিধা হতে বঞ্চিত হওয়ার আশংকা রয়েছে। সিটি কর্পোরেশন হোল্ডিং ট্যাক্স ও অন্যান্য কর পরিশোধে সর্বদা নগরবাসীকে বছরের শুরু থেকে নোটিশ প্রেরণ এবং মাইকিং এর মাধ্যমে সচেতন করে আসছে। তবুও লক্ষ্য করা যায়, আর্থিক বছরের শেষে অধিকাংশ হোল্ডিং এর ট্যাক্স বকেয়া থেকে যায়। তাই আমি উপস্থিত সকলের মাধ্যমে জনসাধারণকে হোল্ডিং ট্যাক্স পরিশোধের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি। আপনাদের অবগতির জন্য জানাচ্ছি, এ বছর হোল্ডিং ট্যাক্সের দাবী ছিল ৩১ কোটি ১৪ লক্ষ ৯৩ হাজার ৭৫ টাকা। তন্মধ্যে আদায় হবে মাত্র ১৪ কোটি ১২ লক্ষ



৬২ হাজার টাকা, আদায়ের হার মাত্র ৪৫%। নিজস্ব অর্থায়নে প্রকল্প বাস্তবায়নে আমরা সফল হলেও রাজস্ব আদায়ে আমরা লক্ষ্যমাত্রা অর্জন করতে পারিনি। উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখতে হলে এক্ষেত্রে নগরবাসীর আরো সহায়তা প্রয়োজন। তাই নিয়মিত কর পরিশোধ করার জন্য আমি সম্মানিত নগরবাসীর প্রতি উদাত্ত আহবান জানাচ্ছি। কর আদায়ে স্বচ্ছতার লক্ষ্যে কম্পিউটারাইজ্ড ট্যাক্স বিল প্রদান এবং ব্যাংকের মাধ্যমে হোল্ডিং ট্যাক্স আদায় করা হচ্ছে। অচিরেই অনলাইনে কর আদায় করা হবে।

## প্রিয় ভাই-বোনেরা,

সিটি কর্পোরেশন এলাকায় বসবাসরত নিম্নবিত্ত মানুষের জন্য কর্মসংস্থানের লক্ষ্যে এবং দারিদ্র বিমোচন, বিশেষ করে নারীর ক্ষমতায়নের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। নিজস্ব কর্মসূচী হিসেবে এ ক্ষুদ্রঋন কার্যক্রম চলমান আছে। এই কর্মসূচী হতে এ যাবৎ ঋণ তহবিল ও আবর্তক তহবিল থেকে ৩৩০৯ জনের মধ্যে মোট ৪ কোটি ৪৪ লক্ষ ৯৮ হাজার টাকার ঋণ বিতরণ করা হয়েছে। এ কর্মসূচীতে ঋণ আদায়ের হার ৯৯%। বর্তমান অর্থ বছরে এ খাতে ৫০ লক্ষ টাকার বরাদ্দ রাখা হয়েছে। এছাড়া, দারিদ্রতা দূরীকরণে ও আর্থ-সামাজিক উন্নয়ন খাতে ২৮ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে।

সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিল হতে অসহায়, দরিদ্র ১২০ জনকে শিক্ষা সহায়তা বাবদ (ভর্তি ফি ও বই-খাতা ক্রয়) ৫ লক্ষ ৭০ হাজার টাকা অনুদান প্রদান করা হয়েছে। এছাড়া অসহায়, এতিম, স্বামী পরিত্যক্তা ও প্রতিবন্ধীদের সহায়তা বাবদ ৫ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। এ ছাড়া সেবক কলোনীতে অবস্থিত ৩৩ নং সিটি কলোনী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র ছাত্রীদের শিক্ষা সহায়তা কার্যক্রমের অংশ হিসাবে মিড ডে মিল চালু করা হয়েছে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ও মহিলা অধিদপ্তর এর যৌথ ব্যবস্থাপনায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থায়নে শ্রমজীবি মা ও শিশু স্বাস্থ্য উন্নয়নে ৪২৩৫ জন সুবিধা ভোগীর মাঝে ৫৪ লক্ষ ২০ হাজার টাকা বিতরন করা হয়েছে। এ কার্যক্রম চলমান রয়েছে, যা ভবিষ্যতে আরো সম্প্রসারণ করা হবে। আগামী অর্থ বছরে এ খাতে আরো ২৬৫ জন শ্রমজীবি মায়েদের মাসিক ৫০০ টাকা হিসাবে ১৫ লক্ষ ৯০ হাজার টাকা প্রদান করা হবে।

জাইকার অর্থায়নে সিটি গভর্নেন্স প্রকল্প (সিজিপি) এর আওতায় অত্র সিটি কর্পোরেশনে নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছেঃ

- ৩০০০টি পরিবারকে ৩০টি সিডিসি এর মাধ্যমে সংগঠিত করা হয়েছে।
- এ সকল দরিদ্র জনগোষ্ঠীকে স্বাস্থ্য সচেতন করার লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান আছে।
- ৩০০ জন ঝড়ে পড়া শিশুকে ১০টি উপানুষ্ঠানিক শিক্ষালয়ের মাধ্যমে শিক্ষার মূল ধারায় অন্তর্ভুক্তকরণের কাজ চলমা রয়েছে। এসব শিশুকে স্কুল ব্যাগ, শার্ট, প্যান্ট, জুতা সহ সকল শিক্ষা উপকরণ সরবরাহ করা হচ্ছে।
- এ প্রকল্পের অধীনে শহরের ১৭টি বস্তি/দরিদ্র এলাকায় প্রয়োজনীয় ড্রেন, ফুটপাথ, ল্যাট্রিন, সাব-মার্সিবল ও ষ্ট্রীটলাইন নির্মাণ কাজ প্রক্রিয়াধীন রয়েছে।
- বস্তি/দরিদ্র এলাকা হতে ৩০ জন নারীর কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।
- আর্থ-সামাজিক উন্নয়নের জন্য ৯০০ জন নারীর দক্ষতা ও মানবিক উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

ইতোপূর্বে UPPR প্রকল্পের আওতায় ইতিপূর্বে সিটি কর্পোরেশন ৬৫টি CDC ও ৪টি ক্লাষ্টারের মাধ্যমে মোট ২২ হাজার ৭৫৯টি পরিবারের ৯৯ হাজার ৯০০ জন সদস্যকে কমিউনিটি মোবিলাইজেশন কার্যক্রমের আওতায় অন্তর্ভুক্ত করা হয়েছে। এই প্রকল্পের আওতায় শহরে বসবাসরত হতদরিদ্র জনগোষ্ঠীর আর্থিক স্বচ্ছলতা বৃদ্ধি ও স্বাবলম্বিতার জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রম চলমান আছে। এ প্রকল্পের ৬৫টি CDC এর মাধ্যমে ৪৯৬ টি সঞ্চয়ী দলের ৯০৯৫ জন সদস্যের এ যাবত সঞ্চয়ের পরিমান ২ কোটি ৩ লক্ষ টাকা। উক্ত সঞ্চয় হতে ৭ হাজার ২১৯ জনের মধ্যে সঞ্চয়ী তহবিল ও আবর্তক তহবিল হতে মোট ৮ কোটি ৯৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উল্লেখ্য যে, ইতোমধ্যে বিতরণকৃত ঋণ হতে ৮৮ লক্ষ ৭২ হাজার টাকা সার্ভিস চার্জ আদায় করা হয়েছে যা CDC সদস্য পর্যায়ে সঞ্চয়ী মনোবৃত্ত ও স্বাবলম্বী হতে সহায়তা করে। ক্ষুদ্র ঋণ কার্যক্রমটি সম্পূর্ণরূপে CDC প্রতিনিধিদের মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। এছাড়া এ প্রকল্পের আওতায় CDC সমূহের বসবাসরত হতদরিদ্র জনসাধারণের আর্থিক স্বচ্ছলতা বৃদ্ধির পাশাপাশি তাদের স্বাস্থ্য, ভৌত অবকাঠামো সুবিধা বৃদ্ধিকল্পে এই প্রকল্পের আওতায় DFID এবং UNDP এর আর্থিক সহায়তায় এ যাবত এ প্রকল্পের আওতায় -

- ২ কোটি ৭৭ লক্ষ ৩৯ হাজার টাকা ব্যয়ে ১৭৫৩ টি স্বাস্থ্য সম্মত পায়খানা নির্মাণ;
- ২ কোটি ৮ লক্ষ টাকা ব্যয়ে ৩০৮৬৫ মিটার ফুটপাত নির্মাণ;
- ২ কোটি ৭৭ লক্ষ ৯৭ হাজার টাকা ব্যয়ে ১২৫০৩ মিটার ড্রেন নির্মাণ;
- ২ কোটি ৩০ লক্ষ ১৭হাজার টাকা ব্যয়ে সুপেয় পানির জন্য ১৭৮টি ডিপ টিউবওয়েল স্থাপন;
- ১৭ লক্ষ ১৮ হাজার টাকা ব্যয়ে গৃহহীনদের জন্য ৪২টি গৃহ নির্মাণ;
- ১৫ লক্ষ ১৪ হাজার টাকা ব্যয়ে জ্বালানী সাশ্রয় ও পরিবেশ সংরক্ষণের লক্ষ্যে ১৯২১টি বন্ধু চুলা স্থাপন এবং
- ৮৭ লক্ষ ৪৯ হাজার টাকা ব্যয়ে ৩০০টি স্বাস্থ্য সম্মত টয়লেট নির্মাণ করা হয়েছে।
- ৬ লক্ষ ১১ হাজার টাকা ব্যয়ে ১৮০টি বৈদ্যুতিক পোল নির্মাণ করা হয়েছে।

আর্থ-সামাজিক তহবিলের আওতায় ১৮২৫৭ জন দরিদ্র ও হতদরিদ্রকে সহায়তা প্রদান করা হয়েছে। এই তহবিলের আওতায় -

- ৩০০৫ জনকে বিভিন্ন ট্রেডে কর্মসংস্থানমূলক প্রশিক্ষণ বাবদ ২ কোটি ২৯ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে;
- ৮২১১ জন হতদরিদ্র ছাত্র-ছাত্রীকে শিক্ষা সহায়তা বাবদ ২ কোটি ৯০ লক্ষ টাকা প্রদান করা হয়েছে;
- ৭২০ জন হতদরিদ্র মহিলাকে ব্যবসা-বাণিজ্য করে জীবিকা নির্বাহ করার লক্ষ্যে ৩৬ লক্ষ ২৫ হাজার টাকা মূলধন হিসেবে থোক বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়া কমিউনিটি পর্যায়ে আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ১০৭ জন কমিউনিটি ফ্যাসিলিটেটরকে ৩৪ লক্ষ ৩২ হাজার টাকা প্রদান করা হয়েছে;
- ১২০ জনকে ৫ লক্ষ ৫৮ হাজার টাকা ব্যয়ে সেলাই প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- ৪৮৭৬ জনকে মৌলিক স্বাস্থ্য সেবা প্রশিক্ষণ, ৫৯ জনকে ইমার্জেন্সী পুনর্বাসন করা হয়েছে;
- ৩০ জনকে ফ্রি স্কুল সহায়তা, ১৬৩ জনকে ২৮ লক্ষ ৮৩ হাজার টাকা প্রতিবন্ধী সহায়তা বাবত প্রদান করা হয়েছে;
- ৪২০ জনকে ৯ লক্ষ ৩৫ হাজার টাকা ব্যয়ে বয়স্ক শিক্ষা দেওয়া হয়েছে এবং
- ২ লক্ষ ১৯ হাজার টাকা ব্যয়ে ১২ জনকে প্রজনন ও স্বাস্থ্য শিক্ষা দেওয়া হয়েছে।

UPPR প্রকল্পের কার্যক্রম আগষ্ট, ২০১৫ এ শেষ হলেও উক্ত প্রকল্পের সুবিধাভুগীদের জন্য নতুন আঙ্গিকে ২০১৬-১৭ অর্থ বছরের অক্টোবর থেকে NUPRP চালু হচ্ছে।

## প্রিয় বীর মুক্তিযোদ্ধা ভাই-বোন,

আপনারা জেনে খুশী হবেন যে, সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডে বসবাসরত ৭৮৪ জন বীর মুক্তিযোদ্ধাকে সম্মানসূচক ক্রেষ্ট সম্মাননা এবং আজীবন হোল্ডিং ট্যাক্স মওকুফের সনদ প্রদান করা হয়েছে। এছাড়া ৫০৮ জন বীর মুক্তিযোদ্ধা এবং শহীদ বীর মুক্তিযোদ্ধাদের মোট ৪৩,৩৬,১৯৭/- টাকা হোল্ডিং ট্যাক্স মওকুফ করা হয়েছে। অস্বচ্ছল এবং দুস্থ ৮৫ জন বীর মুক্তিযোদ্ধাকে এককালীন ৩,০০০ টাকা হিসাবে ২,৫৫,০০০/- টাকা অনুদান প্রদান করা হয়েছে। এছাড়া সিটি কর্পোরেশনের নির্মিত মার্কেটে মেয়রের জন্য নির্ধারিত কোটা হতে মুক্তিযোদ্ধা ক্যাটাগরিতে অনেক বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পরিবারকে দোকান বরাদ্দ দেয়া হয়েছে এবং এ ধারা অব্যাহত আছে এবং সিটি কর্পোরেশনের অনেক সড়কের নাম বীর মুক্তিযোদ্ধাদের নামে নামকরণ করা হয়েছে। ৭১-এর মুক্তিযুদ্ধের চেতনাকে জাগ্রত রাখার লক্ষ্যে নগরের বিভিন্ন মোড়ে ভাস্কর্য নির্মাণ করা হয়েছে এবং সাংস্কৃতিক কর্মকান্ড ও শিক্ষা সুযোগের দিকে নজর রেখে আলী আহাম্মদ চুনকা আধুনিক সিটি পাঠাগার ও মিলনায়তন এর নির্মাণ কাজ চলমান আছে। কদমরসুল এবং সিদ্ধিরগঞ্জে পর্যায়ক্রমে ভাষা আন্দোলন এবং স্বাধীনতা সংগ্রামের ভাস্কর্য নির্মাণ করা হবে। নারায়ণগঞ্জের মুক্তিযুদ্ধের ইতিহাসকে সংরক্ষণের জন্য সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে দু'টি প্রামাণ্যচিত্র নির্মাণ করা হয়েছে। ভাষা আন্দোলনসহ মহান স্বাধীনতা সংগ্রামের ইতিহাস নতুন প্রজন্মকে জানানোর লক্ষ্যে ইতোমধ্যে সিটি কর্পোরেশনের এলাকাভুক্ত ১ লক্ষ ৩০ হাজার ছাত্র-ছাত্রীর সম্মিলনে মুক্তিযুদ্ধভিত্তিক সাধারণ জ্ঞানের প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। এছাড়া প্রতি বছর জাতীয় দিবস সমূহে তরুণ প্রজন্মকে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস সম্পর্কে ধারণা প্রদানের জন্য সিটি কর্পোরেশনের এলাকাধীন সকল উচ্চ বিদ্যালয়, মহাবিদ্যালয় এবং মাদ্রাসা সমূহে মুক্তিযুদ্ধ যাদুঘর নির্মিত 'মুক্তি সংগ্রামের ইতিহাস' শীর্ষক প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়েছে।



## প্রিয় যুব ভাই-বোন,

নগরীর খেলাধুলার মান ও বিনোদনের দিকে লক্ষ্য রেখে বিলুপ্ত নারায়ণগঞ্জ পৌরসভা কর্তৃক পাবলিক-প্রাইভেট পার্টনারশিপের আওতায় পঞ্চবটিস্থ সিটি কর্পোরেশনের নিজস্ব ৬.২ একর ভূমিতে Amusement Park নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে পার্কটি জনসাধারণের জন্য উন্মুক্ত করা হয়েছে। এ খাত থেকে সিটি কর্পোরেশনের বাৎসরিক ৬ লক্ষ ২০ হাজার টাকা ভাড়া এবং এন্ট্রি ফি এর উপর ৫% হারে রাজস্ব আয় হবে। ১৮নং ওয়ার্ডের গোগনগরে আলী আহাম্মদ চুনকা ষ্টেডিয়ামের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। মহিলা ক্রীড়া উন্নয়নে প্রমীলা ফুটবল টিম এবং মদনগঞ্জ ফুটবল একাডেমীকে মাসিক ৫০০০/- টাকা হারে প্রত্যেককে অনুদান প্রদান করা হচ্ছে। এছাড় জিমখানাস্থ আলাউদ্দিন খানা স্টেডিয়ামটি এমজিএসপি প্রকল্পের আওতায় সংস্কারপূর্বক নতুন আঙ্গিকে উন্নয়ন করা হয়েছে। খেলাধুলার মান উন্নয়নে পর্যায়ক্রমে সিটি কর্পোরেশনের প্রতিটি ওয়ার্ডে খেলার মাঠ নির্মাণ করা হবে। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এবং বিজয় দিবসে নারায়ণগঞ্জ, সিদ্ধিরগঞ্জ এবং কদমরসুল-এ ৩টি অঞ্চলে দেশীয় খেলাধুলার আয়োজন করা হয়েছে।

জনস্বাস্থ্য ও স্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি এবং নগর সৌন্দর্য্য বর্ধনের লক্ষ্যে জিমখানা লেক উন্নয়ন, ওয়াক ওয়ে নির্মাণের কাজ চলমান আছে। এছাড়া শীতলক্ষ্যা নদী হতে ধলেশ্বরী নদী পর্যন্ত বাবুরাইল খাল পুনঃখনন করে জলাধার সংরক্ষণ ওয়াকওয়ে নির্মাণ ও সৌন্দর্য্য বৃদ্ধির লক্ষ্যে এমজিএসপি প্রকল্পের আওতায় দরপত্র আহবান করা হয়েছে। অচিরেই এর নির্মাণ কাজ শুরু করা হবে।

## প্রিয় সুহৃদ,

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন সীমিত জনবল এবং আর্থিক স্বল্পতা থাকা সত্ত্বেও নগরবাসীর জন্য স্বাস্থ্যসেবা প্রদান করে আসছে। মশক নিধন, ডোবা পুকুর ও জলাধার সংস্কার, ইপিআই কার্যক্রম, ক্ষতিকর প্রাণী নিয়ন্ত্রণ, ড্রেন ও ময়লা-আবর্জনা পরিস্কার এবং রাস্তায় বিদ্যুতায়ন-এর মাধ্যমে জনস্বাস্থ্য নিশ্চিত করে আসছে। গত বছর স্বাস্থ্য খাতে সর্বমোট ৩ কোটি ৭৪ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এবং আগামী অর্থবছরে এ খাতে ১২ কোটি ৯৩ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে।

এশীয় উন্নয়ন ব্যাংকের সহায়তায় UPHCP প্রকল্পের অধীনে এ বছর একটি মাতৃসদন এবং চারটি নগর স্বাস্থ্য কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়েছে। হাসপাতাল ভবন নির্মাণকাজ শেষ হয়েছে। এ প্রকল্পের আওতায় দরিদ্র নারী ও পুরুষের বিনামূল্যে স্বাস্থ্য সেবা নিশ্চিত করণের লক্ষ্যে ৮২৮ টি রেড কার্ড বিতরণ করা হয়েছে। এ কর্মসূচীর আওতায় হতদরিদ্র রেডকার্ড প্রাপ্ত সুবিধাভোগীগণ বিনামূল্যে স্বাস্থ্য সেবা ও ঔষধ পাবেন, এ ছাড়া নাম মাত্র মূল্যে সিটি কর্পোরেশনের সকল নাগরিক স্বাস্থ্য সেবা গ্রহণ করতে পারবেন। উল্লেখ্য যে, সকল নাগরিক-ই ১০% কম মূল্যে ঔষধ ক্রয় করতে পারবেন। পর্যায়ক্রমে এ প্রকল্পে রেড কার্ডের সংখ্যা বৃদ্ধি করা হবে। এছাড়া ঐতিহ্যগতভাবে পরিচ্ছন্নকর্মী হিসেবে যারা সেবা দিয়ে আসছে, তাদের জীবনযাত্রার মান উন্নয়নের জন্য সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে আধুনিক বহুতল বিশিষ্ট ভবন নির্মাণ করার পরিকল্পনা নেয়া হয়েছে। ফলে পরিচ্ছন্ন কর্মীদের উন্নত আবাসন ব্যবস্থা নিশ্চিত করা সহ জীবনযাত্রার মানোন্নয়ন করা সম্ভব হবে।

## সম্মানিত সুধীজন,

বর্জ্য ব্যবস্থাপনা, পরিচ্ছন্ন স্বাস্থ্যসম্মত নগরী গঠনে অন্যতম পূর্বশর্ত। উন্নত প্রযুক্তি এবং জনগণের সচেতনতার অভাবে এ ব্যাপারে কাঙ্খিত সফলতা অর্জন করা যাচ্ছে না। সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন কর্মীগণ সবসময় এ ব্যাপারে কাজ করে যাচ্ছেন। কিন্তু নগরবাসী, ব্যবসায়ী সমাজ, পথচারী, শ্রমিক, কর্মচারীসহ সর্বস্তরের জনগণের অসচেতনতার কারণে যেখানে সেখানে বর্জ্য নিক্ষেপের ফলে শহর অপরিচ্ছন্ন থাকে এবং ড্রেনের পানি প্রবাহ বাধাগ্রস্থ হয়ে জলাবদ্ধতার সৃষ্টি করে। কতিপয় অসচেতন নগরবাসী তাদের ভবন নির্মাণের সময় নির্মাণ সামগ্রী এবং পাইলিং-এর মাটি সরাসরি ড্রেনে ফেলারকারণে ড্রেনে পানির প্রবাহ বন্ধ হয়ে যায়। এ ব্যাপারে সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন। বর্জ্য ব্যবস্থাপনার জন্য সিটি কর্পোরেশনের পর্যাপ্ত জায়গা না থাকায় পরিকল্পিত ল্যান্ডফিল সাইট গড়ে তোলা যাচ্ছে না। এ জন্য জমি অধিগ্রহণে মন্ত্রণালয় থেকে অনুমতি পাওয়া গেলেও প্রশাসনিক জটিলতার কারণে এ পর্যন্ত জমি অধিগ্রহণ করা যায়নি। পরবর্তীতে সরকারের নিকট সরাসরি জমি ক্রয়ের অনুমতি চাওয়া হয়েছে। এ খাতে জমি ক্রয়ের জন্য ৫ কোটি টাকার বরাদ্দ রাখা হয়েছে। আপনাদের সহযোগিতা পাওয়া গেলে আমরা এ বছর প্রকল্পের কার্যক্রম শুরু করব। ইতোমধ্যে

পচনশীল বর্জ্য দ্বারা কম্পোস্ট সার তৈরীর জন্য পঞ্চবটিতে প্ল্যান্ট নির্মাণের কাজ চলমান আছে। নির্মানাধীন কম্পোস্ট প্লান্টের কাজ সম্পন্ন হলে প্রতিদিন গড়ে ২০ টন পচনশীল বর্জ্যকে জৈবসারে রূপান্তর করা সম্ভব হবে। ফলে নগরীর পরিবেশ উন্নয়নসহ কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধি পাবে।

## সম্মানিত উপস্থিতি,

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনকে উন্নত যোগাযোগ ব্যবস্থাসম্পন্ন নগরী হিসেবে গড়ে তুলতে শীতলক্ষ্যা নদীতে সিটি কর্পোরেশন এলাকায় সেতু নির্মাণের বিকল্প নেই। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় উপজেলা শহর উন্নয়ন প্রকল্পের মাধ্যমে পিজিবিলিটি ষ্ট্যাডি করে ৫নং ঘাট হতে ইস্পাহানী ঘাট বরাবর শীতলক্ষ্যা নদীতে কদমরসুল ব্রিজ নির্মাণের জন্য চূড়ান্ত ড্রয়িং ও ডিজাইন প্রণীত হচ্ছে। উন্নয়ন সহযোগীদের সাথে যোগাযোগ চলছে, অর্থ প্রাপ্তি সাপেক্ষে উক্ত প্রকল্প বাস্তবায়নের ব্যবস্থা নেওয়া হবে। এর পাশাপাশি নবীগঞ্জ ও হাজীগঞ্জ ঘাটে ব্রিজ নির্মাণের জন্য জাইকা কর্তৃক সম্ভাব্যতা যাচাই কার্যক্রম চলমান আছে।

